



ISO 9001 : 2015

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত-১৯৮৪



নং- ৪৯.০২.০০০০০.০০০.০১.০৬৩.২২/৭৬০

তারিখ : ১৩.১০.২০২২খ্রি.

দক্ষিণ কোরিয়ায় কৃষি ক্ষেত্রে কর্মী নিয়োগ

দক্ষিণ কোরিয়ার বিভিন্ন প্রদেশে কৃষি ও মৎস্য খাতে মৌসুমি শ্রমিক হিসেবে ২০০ (দুইশ) জন বাংলাদেশী শ্রমিক নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গুগল ডকস ফর্মে **আগামী ১৭.১০.২০২২খ্রি.** সময়ের মধ্যে চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সংখার চেয়ে আবেদনকারীর সংখ্যা বেশি হলে প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

সংখ্যা	মেয়াদ	মূল বেতন	কর্ম ঘণ্টা	সাপ্তাহিক ছুটি	মন্তব্য
২০০ জন	০৫ মাস (সর্বোচ্চ)	৯১৬০ ওন/ঘণ্টা	০৮ ঘণ্টা	০১ দিন	আনুমানিক ১ লক্ষ ২০ হাজার টাকা/মাসে

আবেদনের শর্তাবলী

- শুধুমাত্র **রাঙামাটি** এবং **খাগড়াছড়ি** জেলার **ক্ষুদ্র নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠীভুক্ত** সুঠাম দেহের অধিকারী ও কঠোর পরিশ্রমী হতে হবে। তবে উক্ত জেলা দুইটি হতে যে সকল বাসিন্দা ইতঃপূর্বে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
 - ৩০-৪৫ বছর বয়সী**, নিয়মিত কৃষি কাজের সাথে জড়িত, শূকরের বিষ্ঠার জৈবসার ব্যবহার করে চাষাবাদে সক্ষম, স্বল্প শিক্ষিত নারী/পুরুষ আবেদন করবেন।
 - প্রকৃত কৃষক দম্পতিকে অগ্রাধিকার প্রদান করা হবে।
 - পাসপোর্টের মেয়াদ ন্যূনতম **২০.১০.২০২৩** তারিখ পর্যন্ত থাকতে হবে।
- গুগল ডকস ফর্মে তথ্য দাখিলকৃত প্রার্থীদের মধ্য হতে **বাছাইকৃত যোগ্য প্রার্থীদের** তালিকা প্রকাশ করা হবে। উক্ত প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্র **আগামী ২৫ কর্মদিবসের মধ্যে প্রস্তুত রাখতে হবে (চাহিবামাত্র দাখিল করতে হবে)।**

- জেলা প্রশাসক কর্তৃক উপজাতি সম্প্রদায় সনদ (ইংরেজিতে)।
 - উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক কৃষি ও মৎস্য চাষে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে (ইংরেজিতে)।
 - নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক (সংযুক্ত) মেডিকেল সনদ।
 - Prescription Point, বনানী, ঢাকা হতে (খালি পেটে) যক্ষ্মা টেস্ট এর সনদ (টেস্টের রিপোর্ট পেতে ৭ দিন সময় লাগে)।
 - পুলিশ ক্লিয়ারেন্স সনদ।
 - মূল পাসপোর্ট এবং পাসপোর্ট-এর রঞ্জিন ফটোকপি।
 - মূল NID এবং NID এর রঞ্জিন ফটোকপি।
 - করোনা সনদের কপি।
 - পাসপোর্ট সাইজ-০৩ কপি রঞ্জিন ছবি (রঞ্জিন পোশাকে ব্যাকগ্রাউন্ড সাদা, চশমা ও অলংকার ব্যতীত, দুই কান দৃশ্যমান হতে হবে)।
- ক্ষুদ্র নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠী** ব্যতীত কারো আবেদন গ্রহণযোগ্য নয়। বাংলাদেশ দূতাবাস সিউল এর তথ্য মোতাবেক, বর্ণিত দুটি জেলা ব্যতীত ইতোমধ্যে অন্যান্য জেলার যারা আবেদন করেছেন, তাদের নিয়োগ প্রক্রিয়া এ বছর সম্পন্ন হবে না, তবে নিয়োগকর্তার চাহিদা মোতাবেক ২০২৩ সালে হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য, নিয়োগের বিষয়ে নিয়োগকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত।

নির্ধারিত গুগল ডকস এ চাহিত তথ্য ইংরেজিতে (capital letter এ পাসপোর্ট অনুসারে) দাখিল করতে হবেঃ

<https://forms.gle/pqU5dualL6h641Ktq8>

সার্ভিস চার্জ

- বোয়েসেল-এর সার্ভিস চার্জ বাবদ ১৫,০০০/-, ভ্যাট, ট্যাক্স, ভিসা, স্মার্ট কার্ড, কল্যাণ তহবিল, বীমা, ডাটাবেইজ রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৪,৮৯০/- সহ মোট ২৯,৮৯০/- প্রদান করতে হবে।
- নির্বাচিত প্রার্থীদের জামানত বাবদ ৫০,০০০/- (ফেরত যোগ্য) প্রদান করতে হবে।
- সংশ্লিষ্ট প্রার্থী ও অভিভাবক/সুপারিশকারীর নিকট থেকে ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা গ্রহণ করা হবে।
- নির্ধারিত সময় শেষে ফিরে না আসলে জামানত বাজেয়াপ্ত করা হবে এছাড়া সংশ্লিষ্ট কর্মী এবং তার অভিভাবক/সুপারিশকারীর বিরুদ্ধে আইননুগুণ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বাছাই প্রক্রিয়া সম্পন্ন হলে নিয়োগকর্তা কর্তৃক **CCVI/ ভিসা** সংক্রান্ত কার্যাদি এর জন্য প্রমাণাদি প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্র বোয়েসেল গ্রহণ করবে।
- এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

Amr
১৩/১০/২০২২

এস এম শফি কামাল
কোম্পানি সচিব

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৯৩৩৬৫০৮, ৪৮৩১৯১২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd